



UNITED PEOPLES DEMOCRATIC FRONT (UPDF)

ইউনাইটেড পিপল্স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)

(A political party based in the Chittagong Hill Tracts, Bangladesh)

Mailing Address :Swanirbhar bazaar, Khagrachari, Northern Chittagong Hill Tracts, Bangladesh.

Email. updfcht@yahoo.com Website: www.updfcht.com

Ref:

Date: ২৫ ফেব্রুয়ারি ২০২১

## প্রেস বিজ্ঞপ্তি

### বিশিষ্ট শিক্ষাবিদ ও ইউপিডিএফ সভাপতি প্রসিত বিকাশ খীসার পিতা অনন্ত বিহারী খীসার মৃত্যুতে শোক প্রকাশ

ইউনাইটেড পিপল্স ডেমোক্রেটিক ফ্রন্ট (ইউপিডিএফ)-এর সাধারণ সম্পাদক রবি শংকর চাকমা, ইউনাইটেড ওয়ার্কার্স ডেমোক্রেটিক ফ্রন্টের সভাপতি সচিব চাকমা, গণতান্ত্রিক যুব ফোরামের সভাপতি অংগৃহী মারমা, হিল উইমেন্স ফেডারেশনের সভানেত্রী নিরূপা চাকমা ও পাহাড়ি ছাত্র পরিষদের সভাপতি বিপুল চাকমা আজ ২৫ ফেব্রুয়ারি ২০২১ বৃহস্পতিবার এক যুক্ত বিবৃতিতে পার্বত্য চট্টগ্রামের বিশিষ্ট শিক্ষাবিদ, সমাজসেবক ও ইউপিডিএফ সভাপতি প্রসিত বিকাশ খীসার পিতা অনন্ত বিহারী খীসার মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন।

পার্বত্য চট্টগ্রামে শিক্ষা বিস্তারে তার বিশাল অবদানের কথা গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করে বিবৃতিতে নেতৃত্বন্দ বলেন, অনন্ত বিহারী খীসা ছিলেন একজন অত্যন্ত সৎ, নীতিবান, প্রজ্ঞাবান, একনিষ্ঠ ও আদর্শ শিক্ষক। তার জীবনাচার ও কর্ম অনেকের কাছে অনুকরণীয় ও অনুসরণীয় হয়ে থাকবে।

তাকে একজন রাজনীতি ও সমাজ সচেতন গুণী ব্যক্তি হিসেবে আখ্যায়িত করে তারা বলেন, ‘অনন্ত বিহারী খীসা ছাত্রজীবনে প্রগতিশীল রাজনীতির সাথে যুক্ত ছিলেন এবং জেল খেটেছিলেন। বিশেষ করে ১৯৫০ দশকের শেধার্ধে পাহাড়ি ছাত্রদের সংগঠিত করতে ও জাতীয় চেতনার বিকাশ ঘটাতে তিনি গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করেছিলেন।’

এছাড়া পরবর্তী জীবনে শিক্ষা পেশায় জড়িত থাকার সময়ও তিনি বাংলাদেশ সরকার ও জনসংহতি সমিতির মধ্যে রাজনৈতিক সংলাপ অনুষ্ঠানে ভূমিকা রেখেছিলেন বলে নেতৃত্বন্দ উল্লেখ করেন।

তারা অনন্ত বিহারী খীসাকে একজন বড় মাপের ব্যক্তিত্বান মানুষ হিসেবে আখ্যায়িত করে বলেন, তিনি বিভিন্ন সময় পাহাড়ি জনগণের উপর শাসকগোষ্ঠীর অন্যায় অবিচারের বিরুদ্ধে প্রতিবাদে সোচার ছিলেন এবং অধিকার আদায়ের সংগ্রামে নিয়োজিতদের নানাভাবে সাহস ও অনুপ্রেরণা যুগিয়েছিলেন।

শিক্ষা, সমাজ ও জাতীয় জীবনের বহু ক্ষেত্রে তার গুরুত্বপূর্ণ অবদানের জন্য তিনি পাহাড়ি-বাঙালি সবার স্মৃতিতে শ্রদ্ধার পাত্র হিসেবে বেঁচে থাকবেন বলে তারা মন্তব্য করেন এবং বলেন তার মৃত্যুতে জনগণ একজন বড় অভিভাবককে হারিয়েছে।

উল্লেখ্য, খাগড়াছড়ি সদরের অনন্ত মাটার পাড়ার নিজ বাড়িতে আজ বৃহস্পতিবার দুপুরে অনন্ত বিহারী খীসা বার্ধক্যজনিত কারণে মৃত্যুবরণ করেন। মৃত্যুকালে তার বয়স হয়েছিল ৮৪ বছর।

বার্তা প্রেরক

নিরন চাকমা

প্রচার ও প্রকাশনা বিভাগ  
ইউনাইটেড পিপল্স ডেমোক্রেটিক ফ্রন্ট(ইউপিডিএফ)